



## নির্বাচনী প্রতিশ্রুতি বাস্তবায়নই হবে অগ্রাধিকার: তারেক রহমান



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

বিএনপির চেয়ারম্যান ও প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, নির্বাচনের আগে দেওয়া প্রতিটি প্রতিশ্রুতি সরকার বাস্তবায়ন করবে। জনগণের নিরঙ্কুশ সমর্থনের কারণেই এসব অঙ্গীকার এখন আরও দায়িত্বশীলভাবে বাস্তবায়নের বাধ্যবাধকতা তৈরি করেছে বলে তিনি মন্তব্য করেন।

শনিবার (৯ মে) রাজধানীর ফার্মগেটে কৃষিবিদ ইনস্টিটিউট (কেআইবি) মিলনায়তনে বিএনপি ও এর সহযোগী সংগঠন ছাত্রদল, যুবদল ও স্বেচ্ছাসেবক দলের জেলা পর্যায়ের নেতাদের সঙ্গে মতবিনিময় সভায় তিনি এসব কথা বলেন।

তারেক রহমান বলেন, নির্বাচনের আগে দলের ইশতেহারে যেসব প্রতিশ্রুতি ছিল, এখন তা জনগণের প্রত্যাশায় রূপ নিয়েছে। তাই সরকার পরিচালনায় দলীয় নেতাকর্মীদের আরও দায়িত্বশীল ভূমিকা রাখতে হবে এবং ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে।

তিনি আরও বলেন, সাম্প্রতিক জাতীয় নির্বাচন ছিল অত্যন্ত চ্যালেঞ্জিং। সরকারকে কার্যকরভাবে এগিয়ে নিতে দলের ভেতরের শৃঙ্খলা, সাংগঠনিক শক্তি এবং সমন্বয় অপরিহার্য। ঐক্য না থাকলে কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জন কঠিন হয়ে যাবে।

অনুষ্ঠানে দলের শীর্ষ নেতারা উপস্থিত ছিলেন, যেখানে সাংগঠনিক শৃঙ্খলা, স্থানীয় পর্যায়ের অভ্যন্তরীণ বিরোধ এবং চেইন অব কমান্ড শক্তিশালী করার বিষয়ে দিকনির্দেশনা দেওয়া হয়। সভায় সভাপতিত্ব করেন বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। এছাড়া মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর এবং স্থায়ী কমিটির একাধিক সদস্যও উপস্থিত ছিলেন।